



**২য় অনুরোধ পত্র**  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৫.০৪.২০-৩৭৪

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪২৭ ব.  
১৬ নভেম্বর ২০২০ খ্রি.

বিষয়ঃ এ.টি নং-৩৩৮/২০১৯ মামলার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্য টিএমইডি-কে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০১৩.২০১৮(অংশ)-৩৬৬, তারিখ: ৩০/৫/২০১৯ খ্রি.  
(২) প্রশাসনিক ট্রাইব্যুনাল ঢাকা-১ হতে প্রাপ্ত এ.টি নং-৩৩৮/২০১৯ মামলার নোটিশ।  
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৫.০৪.২০-৩০৬, তারিখ: ০৮/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরীয় হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট-এর অধ্যক্ষ জনাব মোতাহার হোসেন এর বিরুদ্ধে তদন্তে 'সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এবং বিধি ৩ এর উপবিধি (ঘ) অনুযায়ী "দুর্নীতি" এর অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সরকারি কর্ম কমিশন উক্ত মতের সাথে একমত পোষণ করায় তাকে গুরুদণ্ডের আওতায় আদেশ জারির তারিখ (৩০ মে ২০১৯ খ্রি.) হতে চাকরি হতে বরখাস্ত (Removal from Service) করে টিএমইডি হতে গত ৩০/০৫/২০১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে প্রজ্ঞাপন জারী করা হয়। উক্ত স্মারকের সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যক্ষ জনাব মোতাহার হোসেন কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় সূত্রোক্ত (২) নং এ.টি মামলা নং-৩৩৮/২০১৯ দায়ের করা হয়।

২। উক্ত এ.টি মামলায় শুধুমাত্র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-কে বিবাদী করা হয়েছে। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক (তারিখ উল্লেখ-নেই) শুনানী শেষে ০৮/১০/২০২০ তারিখ অথবা তার পূর্বে প্রতিপক্ষকে লিখিত জবাব/আপত্তি সত্য পাঠসহ (যদি থাকে) দুইপক্ষ সংশ্লিষ্ট ট্রাইব্যুনালে দাখিল করা জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

৩। আলোচ্য মামলাটি হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট তথা কারিগরি শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট হলেও ডিজি, ডিটিই-কে মামলায় প্রতিপক্ষ করা হয়নি শুধুমাত্র সচিব, টিএমইডি-কে প্রতিপক্ষ করা হয়েছে বিধায় টিএমইডি'র বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক এ মামলার বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

৪। উপর্যুক্ত বর্ণনার প্রেক্ষাপটে এফগে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) এ.টি নং-৩৩৮/২০১৯ মামলা সরকার পক্ষে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা;

(খ) এ.টি নং-৩৩৮/২০১৯ এর আর্জিতে বর্ণিত বিষয়াদির দফাওয়ারী জবাব যথাযথভাবে প্রস্তুত করে আদালতে দাখিল করার পূর্বে খসড়া টিএমইডি কর্তৃক অনুমোদন গ্রহণ করা;

(গ) বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগ রক্ষাপূর্বক এ.টি মামলার হালনাগাদ অবস্থা টিএমইডি-কে অবহিতকরণ;

৫। অনুচ্ছেদ নং-৪ এর নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) সহ রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ এবং ৩৫২৪/২০১৯ মামলার জবাবের খসড়া তৈরী করে দাখিল করার জন্য সূত্রোক্ত (৩) নং পত্রমূলে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্যাদি জানা যায়নি বিধায় সূত্রোক্ত (৩) নং পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণক্রমে তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ৩০/১১/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে দ্বিতীয় বার মহোদয়-কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন-৪১০৫০১৫৭।

জনাব শেখ শফিক মাহমুদ পুপ্প

শেখ শফিক মাহমুদ এড এ্যাসোসিয়েটস, চেম্বার নং এ-৪ (৭ম তলা)

আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ৮৯ (পুরতন) বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৬। অফিস কপি/মাস্টার কপি।